



# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০

ফোন: ০২-২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/পরীক্ষা-৪৮(অংশ-২)/২০২২-১২২২

তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

(১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশ)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে গত আগস্ট-২০২২খ্রি. অনুষ্ঠিত ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ১৪ ডিসেম্বর ২০২২খ্রি. অনুষ্ঠিত সভায় অনুমোদনক্রমে সফটওয়্যারের মাধ্যমে [www.bnmc.gov.bd](http://bnmdb.bnmc.gov.bd/admin/find_result) ওয়েবসাইটে ([http://bnmdb.bnmc.gov.bd/admin/find\\_result](http://bnmdb.bnmc.gov.bd/admin/find_result)) প্রকাশ করা হলো।

২। উক্ত পরীক্ষায় “লিখিত” অংশে অকৃতকার্যদের উত্তরপত্র পুনঃমূল্যায়নের (রিভিউ/সংশোধনীর) জন্য অধ্যক্ষের মাধ্যমে আবেদন ১৯/১২/২০২২খ্রি. সোমবার বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে প্রার্থীর আবেদন, অনলাইন রেজাল্ট ও প্রবেশপত্র সত্যায়িত, ফি জমার রশিদ ও প্রতিষ্ঠানের পত্রসহ) কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে।

### বিশেষ দৃষ্টব্য:

লিখিত, মৌখিক, ব্যবহারিক, ফরমেটিভ/ইন্টারন্যাশনালসহ সকল পরীক্ষায় প্রাপ্ত নম্বর একটি গোপনীয় উপকরণ, যা সংরক্ষণ ও প্রকাশের ক্ষমতা একমাত্র কাউন্সিলের নিকট সংরক্ষিত। এমতাবস্থায় কোন কেন্দ্রপ্রধান, কেন্দ্রসচিব, ভেন্যু ইনচার্জ, অধ্যক্ষ, পরীক্ষক বা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী কর্তৃক পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর প্রকাশ সম্পূর্ণ নিষেধ ও শৃঙ্খলা ভঙ্গের কারণ। প্রকাশিত ফলাফলে কোন সংশোধনীর প্রয়োজন হলে পরীক্ষকগণ অধ্যক্ষের মাধ্যমে লিখিত আবেদন করবেন, যা অধ্যক্ষগণ গ্রহণ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে কাউন্সিলে প্রেরণ করবেন। প্রয়োজন হলে কাউন্সিলের নির্দেশ পাওয়ার পর সংশ্লিষ্ট ফলাফল গোপনীয়ভাবে প্রেরণ করবেন।

  
14.12.2022

রাশিদা আক্তার

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

### অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দু: আ: সচিবের একান্ত সচিব), স্বাপকম।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং .....
৬. অধ্যক্ষ/ইনচার্জ (সকল), সংশ্লিষ্ট নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট. ....
৭. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তি এবং ফলাফল কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)
৮. সকল কর্মকর্তা-কর্মচারি, বিএনএমসি (পরীক্ষার ডেস্কে দায়িত্ব পালনকারিকে সার্বিক সহযোগিতার জন্য). ....
৯. উচ্চমান সহকারি-৩, বিএনএমসি (টিম সদস্যসহ পুনঃমূল্যায়ন/সংশোধনী কার্যসম্পাদনের জন্য ০১৭১৬-৫৪৪৮১)।
১০. হিসাব শাখা, বিএনএমসি।
১১. জনাব/ বেগম .....